গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
www.mor.gov.bd
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

**২০২৫-২৬ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর ২য় অংশ সংশোধন/হালনাগাদকরণের বিষয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার সুপারিশ/প্রস্তাব চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ফাহিমুল ইসলাম<br>সচিব |
| সভার তারিখ | ১৩ জানুয়ারি ২০২৫ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯৩০ রেলভবন, ঢাকা) |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বাজেট পরিপত্র-১ এর আলোকে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ; প্রস্তাবিত ব্যয়সীমা ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ এবং ২০২৫-২৬ অর্থ বছরের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ- এর ভিত্তিতে বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভার সুপারিশের আলোকে ২৬/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভায় বাজেট কাঠামোর ১ম ভাগ (অংশঃ ১-৫) অনুমোদিত হয়েছে। উক্ত সভায় অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা ভিত্তিক ২০২৫-২৬ অর্থবছরের জন্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রার অনুমোদিত বিভাজন, প্রাথমিক ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) অনুমোদিত বিভাজন এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের অনুমোদিত প্রক্ষেপণের ভিত্তিতে ইতোমধ্যে আইবাস++ সিস্টেমে অর্থনৈতিক কোডভিত্তিক বাজেট ইউনিট/প্রকল্প ভিত্তিক বিস্তারিত বাজেট প্রাক্কলন (ফরম- ৭: রাজস্ব প্রাপ্তি, ফরম-৮ক-১: পরিচালন বাজেট ও ফরম-৮খ-১: উন্নয়ন বাজেট) সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন, বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার সুপারিশের আলোকে হালনাগাদকৃত বাজেট কাঠামোর ২য় ভাগ (অংশঃ ৬) এবং রেলপথ মন্ত্রণালয়ের বাজেট প্রাক্কলন ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ পরীক্ষান্তে চূড়ান্তকরণের জন্য এ সভা আহবান করা হয়েছে। অতঃপর তিনি উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানান।

[০২। উপসচিব (বাজেট) ধারাবাহিকভাবে নিম্নের আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেনঃ

- <u>আলোচ্যসূচি-১:</u>বিএমসি ১ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ
- <u>আলোচ্যসূচি-২:</u> বিডব্লিউজি ২য় সভার সুপারিশসমূহ পর্যালোচনা
- <u>আলোচ্যসূচি-৩:</u>বিডব্লিউজি ২য় সভার সুপারিশের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামো-এর ২য় অংশ (অংশ-৬) পর্যালোচনা ও চূড়ান্তকরণ
- <u>আলোচ্যসূচি-৪:</u> ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা
- <u>আলোচ্যসূচি-৫:</u> ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা
- <u>আলোচ্যসূচি-৬:</u> ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা
- <u>আলোচ্যসূচি-৭:</u> ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভূক্ত বিশেষ কর্মসূচী/স্কীম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা
- <u>আলোচ্যসূচি-৮:</u> ফরম-৭: অর্থনৈতিক কোড ভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
- <u>আলোচ্যসূচি-৯:</u>ফরম-৮(ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
- <u>আলোচ্যসূচি-১০:</u> ফরম-৮(খ-১): অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভূক্ত কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ

০৩। **আলোচ্যসূচি-১: বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ** সভায় জানানো হয় যে, বাজেট পরিপত্র-১ অনুসরণে এ মন্ত্রণালয়ের বাজেট সংশ্লিষ্ট সকল সংস্থা/দপ্তর হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে গত ২৬/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভায় রেলপথ মন্ত্রণালয়ে বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদকরণের বিষয়ে গৃহীত সুপারিশসমূহ গত ৩০/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনান্তে চূড়ান্ত করা হয়। সভায় বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সভায় কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।

০৪। **আলোচ্যসূচি (২-১০): বাজেট ওয়ার্কিং গ্রুপ-এর ২য় সভার সুপারিশ পর্যালোচনাঃ** সভায় জানানো হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর ২য় ভাগ, যেমন- অংশ-৬.১: অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার সাম্প্রতিক অর্জন অংশে উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম উল্লেখ্য থাকলেও পরিচালন কার্যক্রমের আওতায় উন্নয়ন মূলক কার্যক্রমের বিষয়টি উল্লেখ নেই মর্মে সভাপতি উল্লেখ করেন। এছাড়া এই অংশটি আরও সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অংশ-৬.২.২: কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা; এর কার্যক্রম ৩ এর ফলাফল নির্দেশক "আধুনিকায়িত লেভেল ক্রসিং গেইট" অংশ এবং কার্যক্রম-১৪ এর কার্যক্রম "প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারিদের সক্ষমতা বৃদ্ধি" এর ফলাফল নির্দেশক "কাজের অগ্রগতির হার অংশ বাদ দেওয়ার বিষয়ে সভায় একমত পোষণ করে। তাছাড়া কার্যক্রম-৫ "নিরাপদ ট্রেন পরিচালনার উদ্দেশ্যে রোলিং স্টক রক্ষণাবেক্ষণের জন্য আধুনিক কারখানা নির্মাণ ও বিদ্যমান কারখানার মানোন্নয়ন"; কার্যক্রম-৮ "অটোমেটিক ট্রেন সুপারভিশন (ATS), অটোমেটিক ট্রেন প্রোটেকশন (ATP), সেন্ট্রালাইজড ট্রাফিক কন্ট্রোল সিস্টেম (CTC) চালুকরণ"; কার্যক্রম-১০ "অনলাইন ও ইলেক্ট্রনিক সিস্টেম সম্প্রসারণের মাধ্যমে রেল পরিষেবা সুলভ ও সহজীকরণ"; কার্যক্রম-১৩ "যান্ত্রিক রেলওয়ে ট্র্যাক রক্ষণাবেক্ষণ পদ্ধতি চালুকরণ"; কার্যক্রম-১৬ "বন্দরভিত্তিকসহ সকল মালবাহী ট্রেনের টার্নরাউন্ড কমানোসহ লোডিং আনলোডিং এর সক্ষমতা বৃদ্ধি"; কার্যক্রম-১৭ "নতুন অভ্যন্তরীণ কন্টেইনার ডিপো (আইসিডি) নির্মাণ"; কার্যক্রম-২০ "সকল বন্দর ও গভীর সমুদ্র বন্দরের সাথে রেললিংক স্থাপন" এবং কার্যক্রম-২১ "যাত্রী ও মালামাল পরিবহন বৃদ্ধিকরণ" এর ফলাফল নির্দেশকসমূহের পরিমাপের একক এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ/পুনঃনির্ধাণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভা একমত পোষণ করেন। অংশ-৬.৩: রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ৬.৩.১ অংশ এবং ৬.৩.২ অংশের তথ্যাদি সভায় উপস্থাপনপূর্বক আলোচনা করা হয়েছে।

৬.২.৩ অংশে অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম/স্কিম/প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন প্রভৃতি এবং উক্ত কাঠামোভুক্ত ফরমসমূহ, যেমন- ফরম- ৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ-এ ট্রেনে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে প্রাপ্ত জরিমানা/দন্ড এর অর্থ জমা প্রদানের জন্য একটি অর্থনৈতিক কোড খোলার বিষয়ে সভায় আলোচনা হয়। ফরম-৮(ক-১) অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ-এ সচিবালয় অংশে নতুন ০৪টি অর্থনৈতিক কোড খোলার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ রেলওয়ের মোট ১১৭টি ডিডিও যৌক্তিকীকরণ কমিটির সিদ্ধান্তের আলোকে সভায় নিম্নরূপভাবে ডিডিও হ্রাস ও বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়ঃ

**ডিডিও একীভূত**

| নং | ডিডিও | ক্র. নং | একীভূত ডিডিও |
|---|---|---|---|
| ১ | ১৫১০৩০৯১৪০৬২৫ ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট, ঢাকা | ১ | ১৫১০৩১৬১৪০৬৪৮ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী, (লোকো) ঢাকা |
| ২ | ১৫১০৩০৯১৪০৬২৬ ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট, চট্টগ্রাম | ২ | ১৫১০৩১৬১৪০৬৪৯ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী, (লোকো) চট্টগ্রাম |
| ৩ | ১৫১০৩০৯১৪০৬২৭ ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট, ঈশ্বরদী | ৩ | ১৫১০৩৩০১৪০৯২৬ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী, (লোকো) পাকশী |
| ৪ | ১৫১০৩০৯১৪০৬২৮ ওয়ার্কশপ ট্রেনিং ইউনিট, পার্বতীপুর | ৪ | ১৫১০৩৩০১৪০৯২৭ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী, (লোকো) লালমনিরহাট |
| ৫ | ১৫১০৩১৪১৪০৬৩৫ আইন শাখা (সিআরবি), চট্টগ্রাম | ৫ | ১৫১০৩১৪-১৩২২৭৮ মহাব্যবস্থাপক, পূর্ব এর দপ্তর, সিআরবি, চট্টগ্রাম। |
| ৬ | ১৫১০৩১৪১৪০৬৩৭ প্রচারণা ও জনসংযোগ শাখা (সিআরবি), চট্টগ্রাম। | | |
| ৭ | ১৫১০৩২৮১৪০৯১৮ আইন শাখা, পশ্চিম, রাজশাহী | ৬ | ১৫১০৩২৮১৩২২৯১ মহাব্যবস্থাপক, পশ্চিম এর দপ্তর, রাজশাহী |
| ৮ | ১৫১০৩২৮১৪০৯১৯ প্রচারণা ও জনসংযোগ শাখা, পশ্চিম | | |

| | | | |
|---|---|---|---|
| ৯ | ১৫১০৩৩২১৪০৯৩৩ মেরিন সুপারিনটেনডেন্ট, তিস্তামুখ ঘাট, গাইবান্ধা | ৭ | ১৫১০৩৩১১৪০৯৩২ বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) এর কার্যালয়, লালমনিরহাট |

| নতুন ডিডিও | |
|---|---|
| ১ | ১৫১০৩০৬১৪০৬১৮ বিভাগীয় প্রকৌশলী সংকেত ও টেলিযোগাযোগ-ডিএসটিই (টেলিকম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা |
| ২ | ১৫১০৩০৬১৪০৬১৯ বিভাগীয় প্রকৌশলী সংকেত ও টেলিযোগাযোগ-ডিএসটিই (টেলিকম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম |
| ৩ | ১৫১০৩০৬১৪০৬২০ বিভাগীয় প্রকৌশলী সংকেত ও টেলিযোগাযোগ-ডিএসটিই (টেলিকম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, পাকশী |
| ৪ | ১৫১০৩০৬১৪০৬২১ সহকারী প্রকৌশলী সংকেত ও টেলিযোগাযোগ- এএসটিই (টেলিকম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট |
| ৫ | ১৫১০৩২৩১৪০৬৭২ কমান্ড্যান্ট (রেলওয়ে নিরাপত্তা বাহিনী) এর কার্যালয়, চট্টগ্রাম |
| ৬ | ১৫১০৩২৩১৪০৬৭১ কমান্ড্যান্ট (রেলওয়ে নিরাপত্তা বাহিনী) এর কার্যালয়, ঢাকা |
| ৭ | ১৫১০৩৩৮১৪০৯৫৪- কমান্ড্যান্ট (রেলওয়ে নিরাপত্তা বাহিনী) এর কার্যালয়, পাকশী |
| ৮ | ১৫১০৩৩৮১৪০৯৫৫- কমান্ড্যান্ট (রেলওয়ে নিরাপত্তা বাহিনী) এর কার্যালয়, লালমনিরহাট |
| ৯ | ১৫১০৩৩৮১৪০৯৫৬- সহকারী কমান্ড্যান্ট (রেলওয়ে নিরাপত্তা বাহিনী) এর কার্যালয়, সৈয়দপুর |
| ১০ | ১৫১০৩২৬-১৪০৬৮৪ বাংলাদেশ রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, সল্টগোলা বন্দর, চট্টগ্রাম |
| ১১ | ১৫১০৩২৬১৪০৬৮১ বাংলাদেশ রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া |
| ১২ | ১৫১০৩২৬১৪০৬৮০ শাহজাহানপুর রেলওয়ে উচ্চ বিদ্যালয়, ঢাকা |
| ১৩ | ১৫১০৩২৬১৪০৬৮২ বাংলাদেশ রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, কেওয়াটখালী, ময়মনসিংহ |
| ১৪ | ১৫১০৩২৬১৪০৬৮৩ বাংলাদেশ রেলওয়ে সরকারি উচ্চ বিদ্যালয়, পাহাড়তলী, চট্টগ্রাম |
| ১৫ | ১৫১০৩৪১-১৪০৯৬৩ বাংলাদেশ রেলওংয়ে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাকশী |
| ১৬ | ১৫১০৩৪১১৪০৯৬৪ বাংলাদেশ রেলওয়ে চন্দ্রপ্রভা বিদ্যাপীঠ, পাকশী |
| ১৭ | ১৫১০৩৪১১৪০৯৬২ বাংলাদেশ রেলওয়ে নাজিমউদ্দিন উচ্চ বিদ্যালয়, ঈশ্বরদী |
| ১৮ | ১৫১০৩৪১১৪০৯৬৬ বাংলাদেশ রেলওয়ে উচ্চ বিদ্যালয়, সৈয়দপুর |
| ১৯ | ১৫১০৩৪১১৪০৯৬৫ বাংলাদেশ চিলড্রেন পার্ক উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট |

কেন্দ্রীয়াঞ্চলে ০২টি; পশ্চিমাঞ্চলে ০৩টি এবং পূর্বাঞ্চলে ০৩টি সহ মোট ০৮টি ডিডিও ব্যতীত সকল ডিডিও ফরম-৮(ক-১) পূরণ করেছে। কিন্তু নতুনভাবে সংযুক্ত ১৯টি ডিডিও অফিস কোড না পাওয়ায় ফরম-৮(ক-১) পূরণ করতে পারেনি। যে সকল বাজেট ইউনিটের নতুন অর্থনৈতিক কোড না পাওয়ার কারণে এন্ট্রি প্রদান করতে পারেনি সে সকল বাজেট ইউনিট দ্রুত কোড খোলার প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সভায় যুগ্মসচিব, আইন ও ভূমি অনুবিভাগ জানান যে, বাংলাদেশ রেলওয়ের বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তাদের অধীন পরিচালিত রেলওয়ের অবৈধভাবে দখলকৃত ভূমিতে উচ্ছেদ অভিযান পরিচালন কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য অর্থনৈতিক কোড খোলা প্রয়োজন। এ প্রেক্ষিতে সভাপতি উচ্ছেদ অভিযান পরিচালন কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য অর্থনৈতিক কোড খোলার প্রস্তাব প্রেরণের নির্দশনা প্রদান করেন।

<u>ফরম-৮(খ-১)</u> অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ বিষয়ে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বাংলাদেশ রেলওয়ের প্রকল্পের কার্যক্রম চলমান রাখার স্বার্থে মোট ৩১টি প্রকল্পের অধীনে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট প্রাক্কলনে জিওবি খাতে ৮৪২৭.৫৯ কোটি টাকা প্রয়োজন কিন্তু ৬০৭৬.২৯ কোটি টাকার সিলিং দেওয়া হয়েছে। এতে অতিরিক্ত (৮৪২৭.৫৯-৬০৭৬.২৯)=২৩৫১.৩০ কোটি টাকা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং অতিরিক্ত অর্থ প্রাপ্তির জন্য যৌক্তিকতাসহ একটি প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

ফরম-৮(ক১) এবং ৮(খ১) পূরণের বিষয়ে বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভা গত ০৭/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। অতঃপর বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়ঃ

<u>সিদ্ধান্ত/সুপারিশ-(ক):</u> রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর 'সাম্প্রতিক অর্জন' সংক্রান্ত বিবরণী (অনুচ্ছেদ নং ৬.১.১, ৬.২.১ ও

৬.৩.১) সংশোধন/হালনাগাদকরণ সংক্রান্ত প্রস্তাবের তথ্যগত ও ভাষাগত বিষয়াদি পুনঃপরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনে সংশোধন/পুনর্লিখনক্রমে চূড়ান্তকরণের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির ২য় সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।

সিদ্ধান্ত/সুপারিশ:(খ): সচিবালয়ের 'কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা (অনুচ্ছেদ নং ৬.১.২)' এর বর্ণিত যে সকল ফলাফল নির্দেশক শূন্য দেখানো আছে তার লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে (২) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে

সিদ্ধান্ত/সুপারিশ:গ বাংলাদেশ রেলওয়ের প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিট/প্রকল্পের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট প্রণয়ন [রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সম্ভাব্য ব্যয়সীমা (পরিচালন)] প্রণয়নপূর্বক আইবাস ++ সিস্টেমে এ এন্ট্রি প্রদান আগামী ০৮/০১/২০২৫ তারিখের মধ্যে শেষ করতে হবে।

বাস্তবায়নেঃ ০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এবং ০২। সকল পরিচালন বাজেট ইউনিট, বাংলাদেশ রেলওয়ে।

সিদ্ধান্ত/সুপারিশ:ঘ বাজেট পরিপত্র-১ এর গাইডলাইন অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের সামগ্রিক পরিচালন বাজেট ও উন্নয়ন ব্যয়ের আকার এবং প্রকল্পওয়ারী উন্নয়ন ব্যয় প্রস্তাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন ও কার্যক্রম বিভাগের সম্মতির জন্য আগামী ১৯/০১/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।

০৫। সভায় এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় ভাগ (অংশ-৬) সংশোধন ও হালনাগাদকরণ বিষয়ে ০৭/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভার সুপারিশসমূহ পর্যালোচনায় যৌক্তিক ও গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তার আলোকে সংশোধন/হালনাগাদকৃত বাজেট কাঠামোর ২য় ভাগ (অংশ-৬) এবং সংশ্লিষ্ট ফরমসমূহ চূড়ান্তকরণ করা যেতে পারে মর্মে একমত পোষণ করা হয়।

০৬। সভায় আরো জানানো হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০২৫-২৬ অর্থবছর হতে ২০২৭-২৮ অর্থবছর পর্যন্ত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রার আকার বিগত অর্থবছরসমূহের ধারাবাহিকতায় তুলনামূলকভাবে বেশি হওয়ায় উক্ত লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের জন্য ৩০/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত হয়েছেঃ

(গ-২) রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির বিগত অর্থবছরসমূহের লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অর্জন প্রবণতার সাথে সামঞ্জস্য রেখে ২০২৫-২৬ অর্থবছরের জন্য রাজস্ব ও প্রাপ্তির সম্ভব্য লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ যৌক্তিক আকারে পুনঃধার্যকরণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থবিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।

উক্ত সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০২৫-২৬ অর্থবছর হতে ২০২৭-২৮ অর্থবছর পর্যন্ত বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে প্রাপ্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণের জন্য বাংলাদেশ রেলওয়ে হতে এখনও কোন প্রস্তাব পাওয়া যায়নি। পুনঃনির্ধারণের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৭। বাংলাদেশ রেলওয়ের পরিচালন ও উন্নয়ন বাজেটের কয়েকটি অর্থনৈতিক কোডে আইবাস++ সিস্টেমে বিদ্যমান না থাকায় মন্ত্রণালয় হতে অর্থ বিভাগকে অনুরোধ করা হলে উক্ত কোডগুলো বাংলাদেশ রেলওয়ের আইবাস++ সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়। এতে নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ে বাজেট এন্ট্রি প্রদান করা বিলম্ব হয়েছে মর্মে সভাকে জানানো হয়। দ্রুততম সময়ের মধ্যে ৮ক-১ এবং ৮খ-১ পূরণ করে তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

০৮। বাংলাদেশ রেলওয়ের পরিচালন ব্যয়ের বিশেষ কার্যক্রম অংশের বিস্তারিত বিভাজন নিয়ে সভায় আলোচনা হয়। সভায় বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের নিম্নরূপ বিভাজন তুলে ধরা হয়:

| কার্যক্রম | প্রতিষ্ঠান | টাকা (কোটিতে) |
|---|---|---|
| সাধারণ কার্যক্রম | ১২৭ ডিডিও | ১৫৯২.৭২ |
| | উপমোট= | ১৫৯২.৭২ |
| | | |
| বিশেষ কার্যক্রম | ৯০০-অবসর ব্যবস্থাপনা কার্যক্রম | ১১৩০.০০ |

| | | |
|---|---|---|
| | ২৮০২-পরিচালন কার্যক্রম | ৫৪৪.৬৮ |
| | ২৮০৩-মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৫৩৪.৮৬ |
| | ২৮০৫-মূলধন অনিশ্চিত হিসাব | ২৬০.০০ |
| | ২৮০৬-সম্পদ সংগ্রহ ও ব্যবস্থাপনা | ২৭০.০৬ |
| | উপমোট= | ২৭৩৯.৬০ |
| | সর্বমোট= | ৪৩৩২.৩২ |

সভাপতি উল্লেখ্য করেন যে, উপর্যুক্ত সারণী অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের সাধারণ কার্যক্রমের চেয়ে বিশেষ কার্যক্রমের জন্য বেশি বরাদ্দ রয়েছে।

০৯। সাধারণ কার্যক্রমভুক্ত ১১৭টি ডিডিও অফিসের বিস্তারিত অর্থনৈতিক কোডের বরাদ্দ বিষয়ে কয়েকটি অর্থনৈতিক কোডের বরাদ্দের প্রাক্কলন প্রণয়ন এবং ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের জন্য সভায় বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। সভায় জানানো হয় যে, অধিকাংশ ডিডিও অফিস মূলধনী ব্যয়ের প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে স্ব স্ব অর্গানোগ্রামে নির্ধারিত প্রাপ্যতা বিবেচনা না করে 'যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়-৪১১২' এ অধীন অর্থনৈতিক কোডসমূহ যথা- (ক) ৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক (খ) ৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি এবং ৪১১২৩১৪-আসবাবপত্র প্রভৃতির বিপরীতে প্রতিবছর নিদিষ্ট পরিমাণ বাজেট/বরাদ্দ রাখছে। অর্গানোগ্রামে নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী ইতোমধ্যে যেসব ডিডিও অফিসে উল্লেখিত মূলধনী সম্পদ ক্রয়/সংগ্রহ করা হয়েছে সেসব ডিডিও অফিস কর্তৃক '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি' এবং '৪১১২৩১৪-আসবাবপত্র' প্রভৃতি খাতে বরাদ্দ রাখা যাবে না মর্মে সভায় একমত পোষণ করা হয়। তাছাড়া প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিটের 'ভ্রমণ ব্যয়' 'অন্যান্য মনিহারী' 'আউটসোর্সি' 'পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট' 'গ্যাস ও জ্বালানী' প্রভৃতি খাতে প্রস্তাবিত প্রাক্কলনের যথার্ততা যাচাইপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করার জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে সভায় অনুরোধ জানানো হয়।

১০। **আলোচ্যসূচি-বিবিধঃ** বাংলাদেশ রেলওয়ের পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় গৃহীত প্রকল্পের TA সার্ভিসের ব্যয়িত/ব্যয়িতব্য অর্থ PPPTAF তহবিলে পুনর্ভরণের বিষয়ে সভায় আলোচনা হয়। বাংলাদেশ রেলওয়ের নিকট পিপিপি কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশ রেলওয়ের জন্য গৃহীত প্রকল্পের TA সার্ভিস বাবদ কি পরিমাণ অর্থ বাংলাদেশ রেলওয়ে কোন ডিডিও এর কোন অর্থনৈতিক কোড হতে ব্যয় হবে তার বিস্তারিত তথ্যসহ একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করেন।

১১। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

[

সিদ্ধান্ত কঃ ৩০/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়।

বাস্তবায়নেঃ উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত খঃ রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর অংশ-৬.২.২: কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা; এর কার্যক্রম ৩ এর ফলাফল নির্দেশক "আধুনিকায়িত লেভেল ক্রসিং গেইট" অংশ এবং কার্যক্রম-১৪ এর ফলাফল নির্দেশক "কাজের অগ্রগতির হার" অংশ বাদ দিতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত খ-১ঃ রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর ২য় ভাগের ৬.১.১ এ সাম্প্রতিক অর্জন অংশে উন্নয়ন ও পরিচালন কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করতে হবে। তাছাড়া ৬.২.২ এ কার্যক্রম, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনপূর্বক আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে [সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়পূর্বক প্রেরণ করবে]

সিদ্ধান্ত খ-২ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভার সিদ্ধান্ত এবং বাজেট ওয়াকিং কমিটির ২য় সভার সিদ্ধান্তের আলোকে ২০২৫-২৬ অর্থবছরের জন্য রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামো প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/হালনাগাদকরণ করে অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত গঃ ২০২৫-২৬ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয়সীমার বিভাজনের আলোকে ibas++ এ এন্ট্রি প্রদানের মাধ্যমে পূরণকৃত বাজেট কাঠামোভুক্ত ফরমসমূহ; যেমন-ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(ক-১) অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(খ-১) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রভৃতি পরিকল্পনা কমিশন ও অর্থবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত ঘঃ মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির বিগত অর্থবছরসমূহের লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অর্জন প্রবণতার সাথে সামঞ্জস্য বিধানের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছর হতে ২০২৭-২৮ অর্থবছর পর্যন্ত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণের বিষয়ে অর্থবিভাগের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।

বাস্তবায়নেঃ উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত ঙঃ বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন বাজেটে জিওবি খাতে ২৩৫১.৩০ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে বাংলাদেশ রেলওয়ের হতে একটি প্রস্তাব প্রেরণ করতে হবে এবং প্রস্তাবটি ডি.ও পত্রের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ পরিকল্পনা কোষ, বাংলাদেশ রেলওয়ে এবং পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত চঃ রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে যে সকল ডিডিও'র অধীন প্রস্তাবিত অর্থবছরে (২০২৫-২৬) নতুন অর্থনৈতিক কোড খোলার প্রয়োজন সে সকল ডিডিও যথাযথ কর্তৃকপক্ষের মাধ্যমে যৌক্তিকতাসহ প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।

সিদ্ধান্ত ছঃ ডিডিও যৌক্তিকীকরণ কমিটির সুপারিশ মোতাবেক বাংলাদেশ রেলওয়ের যে সকল ডিডিও একীভূত করা হয়েছে এবং যে সকল ডিডিও নতুনভাবে অন্তর্ভূক্ত করা হবে তার একটি পূর্ণাঙ্গ প্রস্তাব এ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

সিদ্ধান্ত জঃ অর্গানোগ্রামে নির্ধারিত প্রাপ্যতা অনুযায়ী ইতোমধ্যে যেসব ডিডিও অফিসে উল্লেখিত মূলধনী সম্পদ ক্রয়/সংগ্রহ করা হয়েছে সে সব ডিডিও অফিস কর্তৃক '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি' এবং '৪১১২৩১৪-আসবাবপত্র' প্রভৃতি খাতে বরাদ্দ রাখা যাবে না। তাছাড়া প্রত্যেক ডিডিও/বাজেট ইউনিটের 'ভ্রমণ ব্যয়' 'অন্যান্য মনিহারী' 'আউটসোর্সি' 'পেট্রোল, অয়েল, লুব্রিকেন্ট' 'গ্যাস ও জ্বালানী' প্রভৃতি খাতে প্রস্তাবিত প্রাক্কলনের যথার্ততা যাচাই করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে এবং সংশ্লিষ্ট সকল ডিডিও/বাজেট অফিস

সিদ্ধান্ত ঝঃ পিপিপি কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশ রেলওয়ের জন্য গৃহীত প্রকল্পের TA সার্ভিস বাবদ কি পরিমাণ অর্থ বাংলাদেশ রেলওয়ে কোন ডিডিও এর কোন অর্থনৈতিক কোড হতে ব্যয় হবে তার বিস্তারিত তথ্যসহ একটি প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

১২। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) পরিশিষ্ট--ক

১৯-০১-২০২৫
মোঃ ফাহিমুল ইসলাম
সচিব
৯৫৭৮১৯৯ (ফোন)
৭১১৫৫৯৯ (ফ্যাক্স)
secretary@mor.gov.bd

**নম্বর:** ৫৪.০০.০০০০.০৩৩.১১.০০৩.২৪.১২

তারিখ: ৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
২। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।।
৫। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।।
৬। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
৭। অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।।
৮। যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
৯। যুগ্মসচিব (বাজেট-৫), অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
১০। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।।
১১। যুগ্মপ্রধান, রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।।
১২। যুগ্মসচিব, নরডিক অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।।
১৩। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।।
১৪। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, কমলাপুর, ঢাকা।।
১৫। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা/বাজেট/প্রশাসন-৪ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
১৬। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
১৭। চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসারের কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৮। সিনিয়র সহকারী সচিব (বাজেট-২ শাখা)/সহকারী সচিব (বাজেট-১ শাখা/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
১৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
২০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। [ অনুমোদিত কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।
২১। উপ-পরিচালক (অর্থ/বাজেট), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।।
২২। হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
২৩। অফিস কপি।

২০-০১-২০২৫
মোঃ জাহিদুল ইসলাম
সহকারী সচিব